

মা শিরি

হাকিকুল ইসলাম খোকন

বাংলাদেশের নাটোর জেলার মায়াবী এক গ্রাম
ছায়ায় ঘেরা ঘুঘু ডাকা লালোর যে তার নাম।
এই গাঁয়েতে ছিল বসত একজন এক মায়ের,
ধন্য পেয়ে ছোঁয়া তারই আলতো নরম পায়ের।
গ্রামবাসীরা মানতো তাকে, ডাকতো যে 'মা শিরি'
শিরি মায়ের বন্দনা হয় আকাশ-বাতাস.....।

শিরি ছিলেন মা হারানো সন্দ্বনদের মা সে
মা'কে তারা খুঁজে পেতো মা শিরিরই মাঝে।

'মা শিরিকে খুঁজলে পাবে জোনাক জ্বলা রাতে,
নিঝুম পাড়া! পিদিম হাতে বসে দোরগোড়াতে।
মা শিরি তো আর বসে নেই হুহের আঁচল পেতে,
হারিয়ে গেছেন দূরে- সেথা' নিষেধ সবার যেতে।